

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

ঋণ, অগ্রিম এবং ঋণ আদায় বিভাগ

১৩ জানুয়ারী ২০১৫

অপারেশন সার্কুলার নং- ০১/২০১৫

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় : শাখার সমগ্র এলাকায় এসএমই ঋণ কার্যক্রম সম্প্রসারণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অপারেশন সার্কুলার নং- ৫/২০০৯ তারিখ ১৭/০৩/২০০৯ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। শাখা ব্যবস্থাপকগণের আবেদন নিবেদন এবং গত ১৭ নভেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত আঞ্চলিক ব্যবস্থাপক সম্মেলনে সকল আঞ্চলিক ব্যবস্থাপক শেয়ার হোল্ডার সদস্যগণের চাহিদার কারণে শাখার আওতাধীন সকল এলাকায় এসএমই ঋণ কার্যক্রম সম্প্রসারণের অনুরোধ জ্ঞাপন করেন। এ সকল প্রেক্ষাপটে ঋণ গ্রহীতাদের সেবার পরিধি বৃদ্ধি এবং এসএমই ঋণ কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গত ১০ ডিসেম্বর ২০১৪ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ব্যাংকের ক্রেডিট কমিটির ১ম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহণ করা হয়েছে :

“বর্তমানে শাখা থেকে ৫ বর্গ কিলোমিটারের বাইরে এস এম ই ঋণ প্রদানে প্রধান কার্যালয়ের অনুমোদন নিতে হয় (অপারেশন সার্কুলার নং ০৫/২০০৯ তারিখ ১৭ মার্চ ২০০৯)। ফলে ঋণ কার্যক্রম সম্প্রসারণ বিলম্বিত হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে উক্ত শর্ত শিথিল করে শাখা তার আওতাধীন যে কোন এলাকায় এসএমই ঋণ বিতরণ করতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দ্রুত সার্কুলার জারী করে পরবর্তীতে পর্যদের কার্যোত্তর অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (বাস্তবায়নে : ঋণ, অগ্রিম ও ঋণ আদায় বিভাগ)”।

০৩। সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত বিচক্ষণতা ও সতর্কতার সাথে আলোচ্য সিদ্ধান্তের আলোকে ঋণ কার্যক্রম সম্প্রসারণের নির্দেশ দেয়া হলো। উল্লেখ করা প্রয়োজন যে, শাখা থেকে অধিক দূরত্বে অবস্থিত ঋণ কেইস গ্রহণের সময় তদারকী সংক্রান্ত ভ্রমণ ব্যয় এবং উক্ত এলাকায় ঋণের বিপরীতে প্রাপ্ত আয় এর আলোকে সম্ভাবতা যাচাই করতে হবে।

০৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মহব্বত উলগাছ)
উপ-মহাব্যবস্থাপক

(মোহাম্মদ ইসমাইল হোসেন)
মহাব্যবস্থাপক

১৩ জানুয়ারী ২০১৫

সূত্র নং-২/২০/৩৪৩/

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাব্যবস্থাপক(প্রশাসন/অপারেশন), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সকল উপ-মহাব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। নথি/মহানথি।